

## মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৯৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৮]

৩. কিতাবুল ইলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ জ্ঞানের কথা মুখস্থ রাখা

### باب حِفْظِ الْعِلْمِ

আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: إِنَّ النَّاسَ يَقُولُونَ: أَكْثَرَ أَبُو هُرَيْرَةَ وَلَوْ لَا آيَتَانِ فِي كِتَابِ اللَّهِ مَا حَدَّثْتُ حَدِيثًا، ثُمَّ يَتْلُو: ﴿إِنَّ الَّذِينَ يَكْتُمُونَ مَا أَنْزَلْنَا مِنَ الْبَيِّنَاتِ وَالْهُدَىٰ إِلَىٰ قَوْلِهِ الرَّحِيمِ﴾ إِنَّ إِخْوَانَنَا مِنَ الْمُهَاجِرِينَ كَانَ يَشْغَلُهُمُ الصَّفْقُ بِالْأَسْوَاقِ، وَإِنَّ إِخْوَانَنَا مِنَ الْأَنْصَارِ كَانَ يَشْغَلُهُمُ الْعَمَلُ فِي أَمْوَالِهِمْ، وَإِنَّ أَبَا هُرَيْرَةَ كَانَ يُلْزَمُ رَسُولَ اللَّهِ بِشَبَعِ بَطْنِهِ وَيَحْضُرُ مَا لَا يَحْضُرُونَ، وَيَحْفَظُ مَا لَا يَحْفَظُونَ. (بخارى: ১১৮)

বাংলা

৯৯) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ লোকেরা বলে থাকে যে, আবু হুরায়রা অনেক হাদীছ বর্ণনা করেছেন। যদি পবিত্র কুরআনের এই দু'টি আয়াত না থাকত তাহলে আমি কোন হাদীছ বর্ণনা করতাম না। তারপর তিনি কুরআনের আয়াত দু'টি তেলাওয়াত করলেনঃ

﴿إِنَّ الَّذِينَ يَكْتُمُونَ مَا أَنْزَلْنَا مِنَ الْبَيِّنَاتِ وَالْهُدَىٰ مِنْ بَعْدِ مَا بَيَّنَّاهُ لِلنَّاسِ فِي الْكِتَابِ أُولَٰئِكَ يَلْعَنُهُمُ اللَّهُ وَيَلْعَنُهُمُ﴾  
﴿اللَّاعِنُونَ إِلَّا الَّذِينَ تَابُوا وَأَصْلَحُوا وَبَيَّنُّوا فَأُولَٰئِكَ أَتُوبُ عَلَيْهِمْ وَأَنَا التَّوَّابُ الرَّحِيمُ﴾

“আমি যেসব সুস্পষ্ট দলীল-প্রমাণ এবং হেদায়াতের কথা নাযিল করেছি, পবিত্র কুরআনে মানুষের জন্য বর্ণনা করার পরও যারা তা গোপন করবে, আল্লাহ তাদেরকে লা'নত করবেন এবং লা'নতকারীগণও লা'নত করবেন। তবে যারা তাওবা করে এবং নাযিলকৃত বিষয়গুলো বর্ণনা করে দেয় সে সমস্ত লোকের তাওবা আমি কবুল করি। আমি তাওবা কবুলকারী পরম দয়ালু”। (সূরা বাকারাঃ ১৫৯-১৬০)

প্রকৃত অবস্থা এরূপ ছিল যে, আমাদের মুহাজির ভাইগণ বাজারে বেচা-কেনায় ব্যস্ত থাকতেন। আর আনসার ভাইগণ ক্ষেত-খামারের কাজে ব্যস্ত থাকতেন। আর আবু হুরায়রা পেট পূর্তির উপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে থাকতেন। তিনি এমন স্থানে উপস্থিত হতে পারতেন যেখানে অন্যরা উপস্থিত হতে পারতেন না।

আর তিনি এমন সব হাদীছ মুখস্থ রাখতে পারতেন, যা অন্যরা পারতেন না। (তাই তিনি বেশী হাদীছ বর্ণনা করতে সক্ষম হয়েছেন)

টিকাঃ আবু হুরায়রা (রাঃ) পেট পূর্তির উপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর কাছে থাকার অর্থ এ নয় যে, তিনি শুধু পেট ভরে খাওয়ার জন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সাথে সব সময় অবস্থান করতেন। যেমনটি মনে করেন এক শ্রেণীর ইসলাম বিদ্বৈষী লোক; বরং হাদীছের প্রকৃত তাৎপর্য হল আনসার ও মুহাজির সাহাবীগণ ব্যবসা-বাণিজ্য এবং চাষাবাদ ও কৃষিকাজে ব্যস্ত থাকতেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সাথে অবস্থান করার মত তাদের হাতে বেশী সময় ছিলনা। পক্ষান্তরে আবু হুরায়রা (রাঃ)এর চাষাবাদ বা ব্যবসা-বাণিজ্য এসব কিছুই প্রতি দৃষ্টি ছিলনা। বরং খেয়ে না খেয়ে হাদীছ শিখার অধীর আগ্রহে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর খেদমতে পড়ে থাকতেন। কখনও এমন অবস্থা হত যে, ক্ষুধার কষ্টে বেহুশ হয়ে মুসল্লিদের সামনে পড়ে যেতেন। তারা তাকে মৃগী রোগে আক্রান্ত মনে করে জুতা দ্বারা আঘাত করতেন। এহেন করুন অধ্যায়ের একটি উল্লেখযোগ্য ঘটনা হচ্ছে যে, তিনি ক্ষুধার যন্ত্রণা নিয়ে আবু বকর ও উমার উভয় সাহাবীকে একটি আয়াতের ব্যাখ্যা জিজ্ঞেস করলেন। তারা আসল পরিস্থিতি না বুঝে উত্তর দিয়ে চলে গেলেন। অথচ আবু হুরায়রা উত্তর জানেন। তবুও মুখ খুলে ক্ষুধার কথা বলতে পারলেন না। অবশেষে রহমতে আলম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে প্রশ্ন করলেই আসল হেতু বের হয়ে আসে এবং তিনি সামান্য কিছুই মাধ্যমে আবু হুরায়রার ক্ষুধা নিবারণের ব্যবস্থা করলেন।

## English

(What is said regarding) the memorization of (religious) knowledge

**Narrated Abu Huraira:**

People say that I have narrated many Hadiths (The Prophet's narration). Had it not been for two verses in the Qur'an, I would not have narrated a single Hadith, and the verses are: "Verily those who conceal the clear sign and the guidance which We have sent down . . . (up to) Most Merciful." (2:159-160). And no doubt our Muhajir (emigrant) brothers used to be busy in the market with their business (bargains) and our Ansari brothers used to be busy with their property (agriculture). But I (Abu Huraira) used to stick to Allah's Messenger (ﷺ) contented with what will fill my stomach and I used to attend that which they used not to attend and I used to memorize that which they used not to memorize.

ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ১১৯

ইসলামিক সেন্টারঃ ১১৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88794>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন